রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ১৩, ২০২০

**[ একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত ]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ**

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

প্রজ্ঞাপন

তারিখ : ১৭ অগ্রহায়ণ ১৪২৭/০২ ডিসেম্বর ২০২০

**নং ০৩.১৪.২৬৯২.৮৭৮.২৫.০৮৭.২০-৩৪৮**—বিশ্বায়নের প্রেক্ষাপটে বিপুল সংখ্যক যুব পুরুষ ও যুব মহিলা দেশে এবং আন্তর্জাতিকভাবে ফ্রিল্যান্সার হিসেবে কর্মে নিয়োজিত থেকে কৃতিত্বের স্বাক্ষর রেখেছেন এবং বৈদেশিক মুদ্রা অর্জনে উল্লেখযোগ্য অবদান রাখছেন। এছাড়া রূপকল্প-২০২১ ও এসডিজি অর্জন এবং ২০৪১ সালের মধ্যে দেশকে উন্নত দেশে পরিণত করতে ফ্রিল্যান্সাররা সহায়ক ভূমিকা রাখবে। এ লক্ষ্যে ফ্রিল্যান্সারদের পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি প্রদানের নিমিত্ত জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ এর ধারা ৬(১)(ঘ) এর বিধান অনুযায়ী দক্ষতা সনদায়নের জন্য "আইসিটি ফ্রিল্যান্সারদের দক্ষতা সনদায়ন গাইডলাইন" (বাংলা এবং ইংরেজী ভার্সন) জারি করল।

০২। জনস্বার্থে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই গাইডলাইন জারি করা হল। এই গাইডলাইন অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দুলাল কৃষ্ণ সাহা**
নির্বাহী চেয়ারম্যান (সচিব)

## আইসিটি ফ্রিল্যান্সারদের দক্ষতা সনদায়ন গাইডলাইন

**পটভূমি :**

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণে অভিজ্ঞতা অর্জনকারী জনগোষ্ঠী দেশের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এ জনগোষ্ঠীর অর্জিত অভিজ্ঞতার স্বীকৃতি প্রদান করার পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি প্রদান এমন একটি পদ্ধতি যার মাধ্যমে একজন ব্যক্তির অর্জিত জ্ঞান, দক্ষতা ও সক্ষমতা পরিমাপ ও মূল্যায়ন করে একটি সুনির্দিষ্ট যোগ্যতা কাঠামোর আওতায় আনুষ্ঠানিক সনদায়ন ও যোগ্যতা প্রদান করা হয়। তাই আনুষ্ঠানিক শিক্ষা ও প্রশিক্ষণ ছাড়া কোনো ব্যক্তির পূর্ব অর্জিত অভিজ্ঞতার আনুষ্ঠানিক বৈধতা ও স্বীকৃতি প্রদানের মাধ্যমে সনদায়নের জন্য পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি প্রদান একটি কার্যকর ও গ্রহণযোগ্য পন্থা।

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ এবং জাতীয় দক্ষতা উন্নয়ন বিধি, ২০২০-এ পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি প্রদানের উপর গুরুত্ব আরোপ করে অর্জিত জ্ঞান ও দক্ষতাকে একটি সমন্বিত যোগ্যতা কাঠামোর আওতায় আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি প্রদান ও সনদায়নের বিধান রাখা হয়েছে এবং এর আলোকে সনদধারীদের সামাজিক মর্যাদা ও আয় বৃদ্ধির সুযোগ সৃষ্টি হবে।

দেশের জনগোষ্ঠীর একটি বৃহৎ অংশ হলো যুবক। এই জনগোষ্ঠীই দেশের অর্থনৈতিক অবস্থার কাঙ্ক্ষিত পরিবর্তনে অনন্য অবদান রাখতে পারে। এ বৃহৎ জনগোষ্ঠীকে যথাযথভাবে কর্মক্ষম করা জরুরি। বিপুল সংখ্যক যুব পুরুষ ও যুব মহিলা ফ্রিল্যান্সার হিসাবে কর্মে নিয়োজিত থেকে অর্থনীতিতে ইতিবাচক ভূমিকা রাখছেন। ইতোমধ্যে দেশের ফ্রিল্যান্সাররা আন্তর্জাতিকভাবে কর্মক্ষেত্রে কৃতিত্বের স্বাক্ষর রেখেছেন এবং বৈদেশিক মুদ্রা অর্জনে উল্লেখযোগ্য অবদান রাখছেন। ফ্রিল্যান্সিং-এর মাধ্যমে আত্মকর্মসংস্থানের অমিত সম্ভাবনা রয়েছে যা রূপকল্প ২০২১ ও এসডিজি অর্জন এবং ২০৪১ সালের মধ্যে দেশকে উন্নত দেশে পরিণত করতে সহায়ক ভূমিকা রাখবে।

ভাষাগত জ্ঞান ও পেশাগত কারিগরি দক্ষতা অর্জন করা ফ্রিল্যান্সারদের জন্য একটি বড় চ্যালেঞ্জ। অধিকন্তু, উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক দক্ষতা সনদায়ন না করায় বিপুলসংখ্যক ফ্রিল্যান্সার তাদের কাঙ্ক্ষিত ও শোভন কাজ প্রাপ্তি থেকে বঞ্চিত হন। এই বিপুল সম্ভাবনাময় জনগোষ্ঠীকে পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি প্রদান (আরপিএল)-এর মাধ্যমে সনদায়ন করা হলে তাদের কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি পাবে এবং সামাজিক মর্যাদা বৃদ্ধিসহ জীবনব্যাপী শিক্ষারও প্রভূত উন্নয়ন সাধিত হবে।

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮-এ পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। এ পদ্ধতিতে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ ফ্রিল্যান্সারদের পূর্ব অভিজ্ঞতার আনুষ্ঠানিক সনদ প্রদান করতে পারে। পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি প্রদান পদ্ধতিতে আনুষ্ঠানিক প্রশিক্ষণ, উপানুষ্ঠানিক প্রশিক্ষণ, অনানুষ্ঠানিক প্রশিক্ষণ, জীবনব্যাপী কর্ম-অভিজ্ঞতা অথবা অন্য যে-কোনো উপায়েই প্রয়োজনীয় জ্ঞান ও অভিজ্ঞতা অর্জন করা হোক না কেন, সকল প্রকারের ফ্রিল্যান্সারকে সনদ প্রদানের ব্যবস্থা করা হবে। তাই জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক ফ্রিল্যান্সারদের দক্ষতার সনদায়নের জন্য একটি গাইডলাইন প্রণয়ন করা প্রয়োজন।

২. ফ্রিল্যান্সারদের সনদায়নের সুবিধা :

ফ্রিল্যান্সারদের দক্ষতার সনদায়ন তাদের কর্মক্ষেত্রের সম্প্রসারণ ও গতিশীলতা বৃদ্ধি, সামাজিক মর্যাদা ও আত্মমর্যাদা বৃদ্ধিসহ জীবনব্যাপী শিক্ষার পথ প্রশস্ত করবে। সনদায়নের মুখ্য উদ্দেশ্য হলো কর্মক্ষেত্রের উপযোগী দক্ষ ফ্রিল্যান্সার তৈরি করা। এ ধরনের সনদায়নের ফলে নিম্নলিখিত সুবিধাগুলো পাওয়া যাবে :

২.১ ফ্রিল্যান্সারদের জন্য সুবিধা :

(ক) তাদের দক্ষতা ও অভিজ্ঞতা জাতীয় ও আন্তর্জাতিকভাবে স্বীকৃতি প্রাপ্তির সুযোগ বৃদ্ধি পাবে;

(খ) জীবনব্যাপী দক্ষতা ও পেশাগত উন্নয়নের সুযোগ সৃষ্টি হবে; এবং

(গ) কর্মক্ষেত্র সম্প্রসারণসহ শোভন কাজ প্রাপ্তির সম্ভাবনা সৃষ্টি হবে।

২.২ নিয়োগকারীর জন্য সুবিধা :

(ক) কর্মের উপযোগী মনোভাবাপন্ন দক্ষ ফ্রিল্যান্সার পাওয়া যাবে; এবং

(খ) যথাযোগ্য ফ্রিল্যান্সার নির্বাচনের মাধ্যমে কর্মক্ষেত্রের প্রয়োজন মেটানো সম্ভব হবে।

২.৩ সামাজিক সুবিধা :

পরিবর্তনশীল প্রযুক্তির সঙ্গে সংগতিপূর্ণ দক্ষ জনসম্পদের অংশীদারিত্ব বৃদ্ধি পাবে।

২.৪ জাতীয় সুবিধা :

(ক) একটি সমন্বিত প্রশিক্ষণ পদ্ধতির উন্নয়ন ঘটবে যার ফলে ফ্রিল্যান্সারদের অর্জিত দক্ষতা যথাযথ স্বীকৃতি পাবে; এবং

(খ) আর্থ-সামাজিক উন্নয়নে সহায়ক ভূমিকা রাখার জন্য ফ্রিল্যান্সারদের দক্ষতার ঘাটতি চিহ্নিত করে তা পূরণের মাধ্যমে জীবনব্যাপী শিক্ষার পথ সুগম হবে।

৩. সংজ্ঞার্থ :

৩.১ আইসিটি : আইসিটি বলতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বোঝাবে।

৩.২ ফ্রিল্যান্সার : ফ্রিল্যান্সার এমন একজন ব্যক্তি যিনি কোনো নির্দিষ্ট নিয়োগকারী বা কোনো নিয়োগকারী প্রতিষ্ঠানে কাজের জন্য নিয়মিতভাবে চুক্তিবদ্ধ না হয়ে স্বাধীনভাবে কাজ করে থাকেন। একজন ফ্রিল্যান্সার সুনির্দিষ্ট কাজের জন্য অথবা প্রতিমাসে, প্রতিদিনে বা প্রতি ঘণ্টায় তার সম্পাদিত কাজের জন্য নির্ধারিত অথবা নির্ধারিত হারে পারিশ্রমিক পান। ফ্রিল্যান্সারের কাজের উৎস এবং কাজের ধরনে যথেষ্ট বৈচিত্র্য থাকে এবং তিনি একাধিক ব্যক্তি বা প্রতিষ্ঠানের জন্য কাজ করতে পারেন।

৩.৩ পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি প্রদান : পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি প্রদান এমন একটি প্রক্রিয়া যার মাধ্যমে একজন ব্যক্তির অর্জিত জ্ঞান, দক্ষতা ও সক্ষমতা চিহ্নিত ও মূল্যায়ন করে একটি সুনির্দিষ্ট যোগ্যতা কাঠামোর আওতায় সনদায়ন করা হয়। এক্ষেত্রে বিবেচ্য ব্যক্তি কখন, কোথায়, কীভাবে যোগ্যতা অর্জন করেছেন তা বিবেচনাযোগ্য নয়। (Ref: NSW DET, 2009; MQA, 2009; VETA, 2014)

৩.৪ পূর্ব অভিজ্ঞতা : পূর্বের শিক্ষা বা কর্ম অথবা অভিজ্ঞতার মাধ্যমে অর্জিত জ্ঞান ও দক্ষতাকে পূর্ব অভিজ্ঞতা বলে। (Learning Package; International Labour Office, Skills and Employability Branch/Employment Policy Department - Geneva: ILO, 2018)

৩.৫ আনুষ্ঠানিক শিক্ষা : আনুষ্ঠানিক শিক্ষা মূলত শিক্ষাপ্রতিষ্ঠান-কেন্দ্রিক অর্থাৎ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান বা প্রশিক্ষণ ইনস্টিটিউট নির্ধারিত শিক্ষাক্রমভিত্তিক যে শিক্ষা ব্যবস্থা প্রবর্তিত হয়েছে তাকে আনুষ্ঠানিক শিক্ষা বলে। বিভিন্ন প্রতিষ্ঠানে যে শিক্ষানবিশ ব্যবস্থা চালু আছে সেটিও আনুষ্ঠানিক শিক্ষার অন্তর্ভুক্ত।

৩.৬ উপানুষ্ঠানিক শিক্ষা : উপানুষ্ঠানিক শিক্ষা হচ্ছে আনুষ্ঠানিক শিক্ষা প্রতিষ্ঠানের বাইরে পরিচালিত উদ্দেশ্যভিত্তিক এবং পদ্ধতিগতভাবে বিন্যস্ত একটি শিখন প্রক্রিয়া।

৩.৭ অনানুষ্ঠানিক শিক্ষা : মানুষ তার জন্মের পর থেকে নানাভাবে শেখে। এই শিক্ষা তার পরিবার, সমাজ, ওস্তাদ বা বিশেষ কোনো ব্যক্তি এমনকি বন্ধুবান্ধবের মাধ্যম্যেও হতে পারে। কর্মক্ষেত্রে অভিজ্ঞতার মাধ্যমেও মানুষ নানা কিছু শেখে। এইভাবে নানা উপায়ের জীবনব্যাপী অর্জিত শিক্ষাকে অনানুষ্ঠানিক শিক্ষা বলে। অর্থাৎ মানুষের ইচ্ছায় বা অনিচ্ছায় অর্জিত জ্ঞান, দক্ষতা ও সক্ষমতাই হলো অনানুষ্ঠানিক শিক্ষা।

৩.৮ মূল্যায়ন (Assessment) : কোনো একজন কর্মীর সক্ষমতা কর্মস্থলের মান-অনুসারে অর্জিত হয়েছে কি না তা যাচাই করার জন্য প্রমাণ সংগ্রহ করা এবং তার ভিত্তিতে কর্মীর সক্ষমতা অর্জন সম্পর্কে নিশ্চিত হওয়া যায়। মূল্যায়নের মাধ্যমে জাতীয়ভাবে স্বীকৃত যোগ্যতার মানদণ্ড (Competency Standard) অনুযায়ী একজন কর্মী কর্মস্থলের চাহিদা-অনুযায়ী কাজ করতে সক্ষম কি না তা নিশ্চিত করা যায়। মূল্যায়নের ভিত্তি হলো সক্ষমতা-মানের অর্জিত একক।

৩.৯ গঠনাত্মক মূল্যায়ন (Formative Assessment) : কোনো প্রশিক্ষণ কার্যক্রম চলমান থাকাকালীন প্রশিক্ষণার্থীদের অগ্রগতি সম্পর্কে অবগত হওয়ার জন্য যে মূল্যায়ন করা হয় তাকে গঠনাত্মক মূল্যায়ন বলে। সাধারণত প্রশিক্ষক কর্তৃক এই মূল্যায়ন করা হয়ে থাকে।

৩.১০ সার্বিক মূল্যায়ন (Summative Assessment) : প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত হবার পর প্রশিক্ষিত ও সনদপ্রাপ্ত মূল্যায়নকারী দ্বারা যে মূল্যায়ন (Assessment) সম্পাদন করা হয় তাকে সার্বিক মূল্যায়ন বলে। দক্ষতা সনদ প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক এই মূল্যায়ন (Assessment) পরিচালিত হয়। এর মুখ্য উদ্দেশ্য হলো স্বীকৃত মানদণ্ড (Standard) অনুযায়ী কর্মীর সক্ষমতা অর্জিত হয়েছে কি না তা নিশ্চিত করা এবং সনদ প্রদান।

৩.১১ প্রমাণক (Evidence) : একজন প্রশিক্ষণার্থীর সক্ষমতার একক অর্জন-সংক্রান্ত দলিল বা নির্ধারক হলো প্রমাণক। এই প্রমাণক একাধিক উপায়ে একাধিক উৎস থেকে সংগ্রহ করা হয়ে থাকে।

৩.১২ প্রমাণকের প্রকারভেদ (Types of Evidence) :

৩.১২.১ প্রত্যক্ষ প্রমাণক :

(ক) সরাসরি পর্যবেক্ষণ;

(খ) দক্ষতা প্রদর্শন; এবং

(গ) মৌখিক প্রশ্ন।

৩.১২.২ পরোক্ষ প্রমাণক :

(ক) সম্পাদিত কাজের মান-সম্পর্কিত মূল্যায়ন,

(খ) পূর্বে সম্পাদিত কাজের পুনর্মূল্যায়ন; এবং

(গ) জ্ঞানের অভীক্ষা।

৩.১৩ প্রশিক্ষক : প্রশিক্ষক একজন সনদধারী পেশাদার ব্যক্তি যিনি একজন প্রশিক্ষণার্থী অথবা একদল প্রশিক্ষণার্থীর নির্দিষ্ট পেশায় বা ট্রেডে সক্ষমতা উন্নয়নে সক্ষম। দক্ষতা উন্নয়নের ক্ষেত্রে একজন প্রশিক্ষক একাধারে প্রশিক্ষক, মূল্যায়নকারী, প্রশিক্ষণ ডিজাইনার ও ডেভেলপার এবং প্রশিক্ষণ তত্ত্বাবধায়ক হিসাবে কাজ করেন।

৩.১৪ মূল্যায়ন-উপকরণ (Assessment Tool) : মূল্যায়নের ক্ষেত্রে প্রমাণক সংগ্রহ ও মূল্যায়ন-সংক্রান্ত যাবতীয় নির্দেশিকাসংবলিত ডকুমেন্টকে মূল্যায়ন-উপকরণ বলে।

৩.১৫ মূল্যায়ন পদ্ধতি (Assessment Method) : কোনো প্রশিক্ষণার্থীকে তার নির্দিষ্ট যোগ্যতার স্বীকৃতি প্রদানের লক্ষ্যে অনুসৃত কৌশলকে মূল্যায়ন পদ্ধতি বলে।

৩.১৬ মূল্যায়নকারী (Assessor) : কোনো প্রশিক্ষণার্থীকে সনদায়নের নিমিত্তে তার সক্ষমতা মূল্যায়ন (Assess) করার জন্য সনদায়ন কর্তৃপক্ষ কর্তৃক সনদায়িত ব্যক্তিকে মূল্যায়নকারী বলে।

৩.১৭ জাতীয় দক্ষতা সনদ: জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত যোগ্যতা অর্জনকারী কোনো প্রশিক্ষণার্থীকে জাতীয় যোগ্যতা কাঠামোর নির্দিষ্ট কোনো স্তরের জন্য প্রদত্ত দক্ষতা সনদ।

৩.১৮ অর্জন-বিবরণী (Statement of Achievement) : মূল্যায়নকালে কোনো এক বা একাধিক সক্ষমতার এককে (Unit of Competency) দক্ষতা অর্জনকারী প্রশিক্ষণার্থীকে দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

৪. সনদায়ন প্রক্রিয়া :

সনদায়ন নিম্নবর্ণিত প্রক্রিয়ায় সম্পন্ন করা হবে:

৪.১ জনসচেতনতা বৃদ্ধিকরণ :

(ক) জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন কর্মশালা অথবা সেমিনার আয়োজন করবে; এবং

(খ) জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ প্রিন্ট, ইলেকট্রনিক এবং বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারকার্য পরিচালনার ব্যবস্থা গ্রহণ করবে।

৪.২ প্রস্তুতি স্তর :

সনদায়নের জন্য জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক গৃহীতব্য পদক্ষেপ নিম্নরূপ :

(ক) যোগ্যতার মানদণ্ড প্রস্তুত করা;

(খ) প্রশিক্ষক ও মূল্যায়নকারীদের সনদায়ন করা;

(গ) মূল্যায়ন-উপকরণ প্রস্তুত করা;

(ঘ) সনদায়ন প্রক্রিয়া বাস্তবায়নের জন্য ওয়েবসাইট হালনাগাদ করা; এবং

(ঙ) মূল্যায়নকারীদের পুল গঠন।

৪.৩ প্রার্থী নির্বাচন ও দক্ষতা উন্নয়নে সহায়তা প্রদান

৪.৩.১ প্রার্থীর যোগ্যতা :

(ক) প্রার্থীর ন্যূনতম বয়স ১৮ (আঠারো) বছর অথবা সরকার কর্তৃক নির্ধারিত বয়স এবং তাকে বাংলাদেশের নাগরিক হতে হবে;

(খ) কোনো নির্দিষ্ট পেশার নির্দিষ্ট স্তরে সনদ প্রাপ্তির জন্য প্রার্থীকে অবশ্যই বিবেচ্য পেশা ও স্তরের জ্ঞান ও দক্ষতা সম্পন্ন হতে হবে; এবং

(গ) আনুষ্ঠানিক, অনানুষ্ঠানিক, উপানুষ্ঠানিক অথবা অন্য যে-কোনো প্রকারেই হোক না কেন পূর্ব অভিজ্ঞতা অর্জনকারী সকল আইসিটি ফ্রিল্যান্সার সনদ-প্রাপ্তির জন্য যোগ্য বিবেচিত হবেন।

৪.৩.২ প্রার্থী নির্বাচনের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ :

(ক) জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ ওয়েবসাইট, দৈনিক পত্রিকা, প্রিন্ট ও ইলেকট্রনিক মাধ্যমে সনদ প্রাপ্তির জন্য প্রার্থীদের প্রাক-যোগ্যতা উল্লেখ করে যোগ্য প্রার্থীদের তালিকাভুক্ত করার জন্য অনলাইনে আবেদন করার জন্য বিজ্ঞপ্তি প্রকাশ ও প্রচার করবে। বিজ্ঞপ্তিতে নারী ও প্রতিবন্ধী প্রার্থীদের সনদায়নে উৎসাহ প্রদানের জন্য বিশেষ গুরুত্ব প্রদান করবে;এবং

(খ) বিজ্ঞপ্তিটি ব্যুরো অব ম্যানপাওয়ার এমপ্লয়মেন্ট অ্যান্ড ট্রেনিং (বিএমইটি), ইন্ডাস্ট্রিজ স্কিলস কাউন্সিল (আইএসসি), সংশ্লিষ্ট মন্ত্রণালয়, সংশ্লিষ্ট এজেন্সি ও অন্যান্য অংশীজনের ওয়েবসাইটে যখন যেভাবে প্রয়োজন প্রচার করা হবে।

৪.৩.৩ আবেদন করার পদ্ধতি:

আগ্রহী প্রার্থীকে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ বরাবরে অনলাইনে আবেদন করতে হবে:

(ক) জাতীয় পরিচয়পত্র অথবা জন্মসনদ;

(খ) পাসপোর্ট সাইজের সাম্প্রতিক ছবি;

(গ) কর্মসম্পাদন অভিজ্ঞতার প্রমাণপত্র; এবং

(ঘ) ৫০ থেকে ১০০ শব্দের মধ্যে অর্জিত পূর্ব অভিজ্ঞতার বিবরণ।

৪.৩.৪ প্রার্থী নির্বাচন :

(ক) প্রাপ্ত আবেদন পেশা ও স্তর অনুযায়ী যাচাই-বাছাই করা হবে; এবং

(খ) নির্বাচিত প্রার্থীদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

৪.৩.৫ প্রার্থীদের ওরিয়েন্টেশন ও নিবন্ধন (Registration) :

(ক) ওরিয়েন্টেশন প্রদানের সকল কার্যক্রম অনলাইনে সম্পাদন করা হবে;

(খ) এনএসডিএ কর্তৃক অনুমোদিত যোগ্যতার মানদন্ড-অনুসারে পেশা ও স্তর-ভিত্তিক ওরিয়েন্টেশন প্রদান করা হবে; যোগ্যতার মানদণ্ডে অন্তর্ভুক্ত প্রতিটি ইউনিটের জ্ঞান, দক্ষতা এবং দৃষ্টিভঙ্গি অনুসারে ওরিয়েন্টেশন প্রদান করতে হবে;

(গ) প্রার্থীদের চাহিদা বিবেচনায় এনএসডিএ কর্তৃক নির্ধারিত দিন ও সময়ে বিনামূল্যে ওরিয়েন্টেশন প্রদান করা হবে;

(ঘ) ওরিয়েন্টেশন শেষে প্রার্থীগণ এনএসডিএ-এর ওয়েবসাইট থেকে স্ব-মূল্যায়ন (Self-Assessment) নির্দেশিকা ডাউনলোড করে চূড়ান্ত মূল্যায়নের জন্য প্রস্তুত কি না সে ব্যাপারে নিশ্চিত হবেন;

(ঙ) চূড়ান্ত মূল্যায়নের জন্য নির্বাচিত প্রার্থীগণ চূড়ান্ত মূল্যায়নে অংশগ্রহণের জন্য অনলাইনে চুক্তি সম্পাদন ফর্ম পূরণ করবেন; এবং

(চ) এনএসডিএ কর্তৃক নির্ধারিত মূল্যায়ন ফি জমা প্রদান করে অনলাইন নিবন্ধন সম্পাদন করবেন। প্রার্থীর পক্ষে কোনো প্রকল্প, এজেন্সি বা যে-কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান এই ফি প্রদান করতে পারবে।

৪.৪ মূল্যায়ন ও সনদায়ন স্তর :

৪.৪.১ মূল্যায়নের সকল কার্যক্রম অনলাইনে সম্পাদন করা হবে।

৪.৪.২ ফ্রিল্যান্সারদের মূল্যায়ন এবং সনদায়ন বিদ্যমান যোগ্যতা কাঠামো (Qualification Framework)-এর ভিত্তিতে আনুষ্ঠানিক অনুরূপ প্রক্রিয়ায় সম্পাদন করা হবে;

৪.৪.৩ এনএসডিএ নির্ধারিত দিনে এনএসডিএ সনদায়নকৃত মূল্যায়নকারী কর্তৃক মূল্যায়ন প্রক্রিয়া সম্পন্ন করা হবে;

৪.৪.৪ দৈনিক মূল্যায়নকারী ও প্রার্থীর অনুপাত হবে সর্বোচ্চ ১:২০;

৪.৪.৫ এনএসডিএ কর্তৃক প্রস্তুতকৃত ও অনুমোদিত মূল্যায়ন-উপকরণ ব্যবহার করে কোয়ালিটি অ্যাসুরেন্স অনুসারে নির্ধারিত যোগ্যতার মানদণ্ড ও যোগ্যতা স্তর-অনুযায়ী মূল্যায়ন সম্পাদন করা হবে;

৪.৪.৬ আনুষ্ঠানিক মূল্যায়নের অনুরূপ লিখিত অভীক্ষা, প্রদর্শন, মৌখিক প্রশ্ন ইত্যাদি পদ্ধতি অনুসরণ করা হবে;

৪.৪.৭ মূল্যায়নের পর প্রয়োজনীয় ফিডব্যাকসহ প্রার্থীদের ফলাফল জানানো হবে এবং সক্ষমতা মূল্যায়নের (Competency Assessment) ফলাফলের সারসংক্ষেপ অনলাইনে প্রকাশ করা হবে যা প্রার্থীগণ তাৎক্ষণিকভাবে ডাউনলোড করে নিতে পারবেন। একইসঙ্গে এনএসডিএ-এর ওয়েবসাইটেও ফলাফল প্রকাশ করা হবে;

৪.৪.৮ প্রার্থীগণ যথাযথ দক্ষতা অর্জন করতে না পারলে তাদের সমুদয় সক্ষমতার একক (Unit of Competency) বা নির্দিষ্ট কিছু সক্ষমতার এককের জন্য পুনর্মূল্যায়নের ব্যবস্থা করা হবে; এবং

৪.৪.৯ মূল্যায়ন প্রক্রিয়া সম্পর্কে কোনো অভিযোগ থাকলে প্রার্থীগণ জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ বরাবর নির্ধারিত ফিসহ আপিল আবেদন করতে পারবেন। জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আপিল পর্যালোচনা করে তা বাতিল বা গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করবে। কোনো প্রার্থীর আপিল আবেদন গৃহীত হলে এ গাইডলাইন অনুসারে তার দক্ষতা ও যোগ্যতা এবং এতৎসংক্রান্ত বিষয়াদি পুনর্মূল্যায়নের ব্যবস্থা করা হবে।


৫. বিবিধ :

(ক) মূল্যায়ন ফিসহ অন্য সকল প্রকার ফি এবং মূল্যায়ন ও সনদায়ন প্রক্রিয়ার সঙ্গে সংশ্লিষ্ট সকলের পারিশ্রমিক অথবা সম্মানি জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ নির্ধারণ করবে।

(খ) এ গাইডলাইন প্রয়োজনীয়তার নিরিখে সময়ে সময়ে পর্যালোচনা এবং অংশীজনদের মতামতের ভিত্তিতে হালনাগাদ করা হবে।

(গ) এ গাইডলাইনে উল্লিখিত অথবা উল্লেখ করা হয়নি এবং যে-কোনো পরিভাষা বা বিষয়ের ব্যাখ্যা প্রদানের ক্ষমতা জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ সংরক্ষণ করবে। বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বাংলা পাঠ প্রাধান্য পাবে।

**ফ্রিল্যান্সারদের সনদায়ন ফ্লো-চার্ট**



# Guidelines

# on

# Skills Certification for ICT Freelancers

## 1. Background:

Technical and vocational education and the population achieving lifelong learning and experience in training play an important role in socio-economic development. The population who have prior experience need to be recognized. Recognition of Prior Learning (RPL) is a system to assess, evaluate and formally recognize the skills and knowledge acquired through practical works and life experiences without having an access to formal education and training. RPL is, therefore, an efficient means to formally recognize and validate competencies gained outside the formal training system for the purpose of skills certification.

The National Skills Development Policy-2011 and the proposed National Skills Development Policy- 2020 have laid emphasis on RPL mechanism to bring the skilled hands under a unified qualification framework and to offer them opportunities for formal certification of their skills and formal training for enhancement of their skills gained for their social uplift and income increase.

A large portion of the country's population is young. Young generation can change its economy.The young generation needs to be utilized properly. The huge number of young people is capable of performing jobs as freelancers to benefit the country's economy. As freelancers Bangladeshi workers have already made their marks in the international labour markets and remarkable contribution in earning foreign currency. There is ample of opportunity to make efficient use of the freelancing work modality for self-employment which will ultimately help to achieve the Vision 2021, SDGs and to evolve the country as a developed country within 2041.

Major problems faced by freelancers are their inadequate technical and language skills. In addition, a large number of freelancers do not get decent jobs for lack of certification of their skills. The RPL mechanism can help freelancers acquire formal certification of their skills, and thus contribute to improve their employability, mobility, lifelong learning, social inclusion and self-esteem.

The National Skills Development Authority (NSDA) Act, 2018 mandates NSDA to implement RPL.Under the RPL provision, NSDA can reach out to freelancers to formally certify their previous skills. The recognition process will include acknowledgement of job-related knowledge and skills gained through formal and informal training; through paid and unpaid works; and via life experiences or a combination of all these. Thus, NSDA needs to develop guidelines on certification for freelancers' skills.

**2. Benefits of Certification for Freelancers:**

Skills certification for freelancers has potential benefits for expansion of scope of works, mobility, lifelong learning, social recognition and self-esteem. The ultimate outcome of this certification is to produce the competent workforce. The certification has potential benefits as follows:

2.1 Benefits for freelancers:

a. Enhance the opportunities for national and international recognition of their skills;

b. Get support towards their life-long learning and career development; and

c. Improve their job opportunities, and thus foster better and decent jobs.

2.2 Benefits for employers:

a. Get a competent workforce having the skills and attitudes required in workplaces; and

b. Meet regulatory requirements of some sectors in terms of employing qualified persons.

2.3 Benefits for society:

a. Become part of a skilled nation adapting the technological changes.

2.4 Benefits for nation:

a. Develop an integrated training system which recognizes the achievements of freelancers; and

b. Encourage a lifelong learning approach for adaptable freelancers to address the skills gaps for socio-economic development.

**3. Definition of Relevant Terms:**

3.1 ICT means information and communication technology.

3.2 Freelancer: A freelancer refers to a person who sells services instead of working on a regular basis with employer. The freelancer can charge fees per project, per month, per day or per hour. This system allows him/her to have more than one client and he/she can also diversify his/her sources of income and work.

3.3 Recognition of Prior Learning (RPL): RPL is a process used to identify, assess and certify a person’s knowledge, skills and competencies against a prescribed standard of qualification; regardless of how, when or where the learning occurred.(*Ref: NSW DET, 2009; MQA, 2009; VETA, 2014*)

3.4 Prior Learning: Prior learning is knowledge or skills acquired in earlier studies and works or through experience. *(Source: Recognition of Prior Learning (RPL): Learning Package; International Labour* Office, *Skills and Employability Branch /Employment Policy Department - Geneva: ILO, 2018)*

3.5 Formal Learning: Learning given in education and training institutions or specially-designed training areas including enterprises in formal apprenticeship systems.

3.6 Non-formal Learning: Non-formal Education is a purposeful and systematically organised form of learning that generally occurs outside the formal education institutions.

3.7 Informal Learning: Learning takes place through life and work experience (sometimes referred to as experiential learning). It is such a learning that is unintentional and the learner may not recognize at the time of the experience that it contributes to his/her knowledge, skills and competencies.

3.8 Assessment: Assessment is the process of collecting evidence and making judgments on whether competence has been achieved. This confirms that an individual can perform as per the standard expected in the workplace as expressed in the nationally-endorsed competency standards. The units of competencies are the benchmarks for the assessment.

3.9 Formative Assessment: Formative assessment is an assessment administered by trainers while training programme is going on. The objectives of the assessments are to ensure what extent trainees are progressing and achieving the set competencies.

3.10 Summative Assessment: Summative assessment is an assessment administered by the skills certificate awarding authority at the end of training programme and administered by the nominated certified assessors. The objectives of the assessments are to ensure the required competencies as stated in competency standard are achieved.

3.11 Evidence: Evidence is the information which matches the requirements of the unit of competency. Evidence can take many forms and be gathered from a number of sources.

3.12 Types of Evidence

3.11.1 Direct:

i. Direct observation;

ii. Oral questioning; and

iii. Demonstration of skills.

3.11.2 Indirect:

i. Assessment of qualities of a final product;

ii. Review of previous work undertaken; and

iii. Tests of knowledge.

3.13 Trainer: A professional who enables a learner or a group of learners to develop competencies to perform a particular trade or technical works. Skill strainers may assume roles such as training facilitators, competency assessors, training designers and developers, and training supervisors.

3.14 Assessment Tool: Materials containing both assessment instruments and the instructions for gathering and interpreting evidence.

3.15 Assessment Method: Techniques used to gather evidences when assessing a candidate of a particular qualification.

3.16 Assessor: An authorized individual to assess competencies of a candidate for certification.

3.17 National Skills Certificate: It is a certificate to be issued by NSDA to an individual who has achieved all the required units of competency of a national qualification defined in the NSDA-approved competency standard.

3.18 Statement of Achievement: It is a certificate issued by the NSDA to an individual who has been assessed as competent in a single unit or cluster of related units of competency.

**4. Certification Procedure:**

Certification will be carried out as follows:

4.1 Awareness Built-up Stage:

a. NSDA will conduct awareness generating workshops and seminars; and

b. NSDA will carry out publicity through print, electronic and various social media;

4.2 Preparation Stage:

NSDA will take the following preparations:

a. develop competency standards;

b. certify trainers and assessors;

c. develop assessment tools;

d. update the NSDA website for selecting and assessing candidates and uploading documents; and

e. formation of assessors pool.

4.3 Selection and Facilitation Stage:

4.3.1 Eligibility of the candidates:

a. candidates must be at least 18 years old or as specified by the government and citizens of Bangladesh;

b. candidates must have knowledge and skills for the specific occupations and levels for which he/she wants to be certified; and

c. all types of ICT(s) freelancers trained on or off the job formally, non-formally or informally are eligible to apply.

4.3.2 Advertisement for selection of the candidates:

a. NSDA will advertise through its web site, print and electronic media for eligible candidates to submit application with pre-requisites to enlist them for certification. In advertisements, emphasis must be given to encourage women and people with disabilities; and

b. The advertisements will be uploaded on the websites of NSDA, BMET, ISCs, line ministries, agencies and other stakeholders when and where necessary.

4.3.3 Submission of Applications:

Online application will have to be submitted to NSDA by attaching the following documents:

a. scan copy of national ID card or birth certificate;

b. recent passport-size photos;

c. evidence of the works performed; and

d. detailed written description of competencies gained within 50-100 words.

4.3.4 Selection of Candidates:

a. Application will be scrutinized according to occupations and levels; and

b. List of the selected candidates will be published through NSDA website on the scheduled date as indicated in the advertisement.

4.3.4 Orientation of the Candidates:

a. All activities for orientation will be carried out through online

b. An online orientation will be given by NSDA following the approved competency standards for the occupations and levels. Orientation will cover knowledge, skills and attitude aspects of the unit of competencies.

c. Orientation will be provided at free of cost on NSDA specified date and the duration of orientation will be as per needs of the cadidates.

d. At the end of orientation, candidates will conduct self-assessment by their own to ensure whether they are confident enough for final assessment or not.

e. The confident candidates will complete online agreement with NSDA for final assessment.

f. After signing agreement sheet, candidates will complete online registration along with payment of registration fees as fixed by NSDA. Candidates' sponsors (any project, organization, agencies, etc.) may also pay the fees.

4.4 Assessment and Certification Stages:

4.4.1 All activities of assessment will be conducted through online.

4.4.2 Assessment and certification of skills acquired by freelancers will be conducted according to the existing framework of qualifications.

4.4.3 Aassessment will be conducted as per schedule date by the NSDA-certified assessors.

4.4.4 The maximum ratio of assessors and candidates will be 1:20 per day.

4.4.5 Assessment will be conducted using NSDA developed and approved assessment tools based on competency standards, qualifications levels and quality assurance modules.

4.4.6 Like the formal assessment same methods will be administered namely written test, demonstration and oral questioning.

4.4.7 After assessment, results will be declared by the assessors and the candidates will be informed about their results with necessary feedback. Also, the summery of results will be uploaded on the NSDA website.

4.4.8 There will be a provision of reassessment for all units or some units of competencies of competency standards.

4.4.9 The candidates can lodge online appeals paying fees as fixed by NSDA against the assessment process to NSDA. After review, NSDA will accept or reject the appeals. If appeal is accepted, the candidate/s will be reassessed following the same guidelines as stated above.


**5. Miscellaneous:**

a. NSDA will fix fees of assessors and remunerations or honorariums of the persons engaged in the assessment and certification process.

b. This Guideline is subject to review and updating as and when required consultation with stakeholders**.**

c. NSDA reserves the right to explain any terms and conditions stated and or not stated in the guidelines. In the event of any conflict, its Bangla version will prevail over its English version.

## Annexed: Flowchart for certification of freelancers




মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress.gov.bd